

টুঙ্গীপাড়ায় বঙ্গবন্ধুর মাজারে রাষ্ট্রপতি প্রধান উপদেষ্টা ও তিনবাহিনী প্রধান



সৈয়দ মুরাদুল ইসলাম, গোপালগঞ্জ, ১৫ আগস্ট : স্বাধীন বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন রাষ্ট্রপতি ইয়াজ উদ্দিন আহম্মেদ, প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ ও তিন বাহিনীর প্রধানগণ। মহান এ নেতার ৩২তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে গত ১৫ আগস্ট, বুধবার গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় তার মাজার কমপ্লেক্সে সরকারিভাবে এ শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়।

রাষ্ট্রপতি ও প্রধান উপদেষ্টা সকালে বঙ্গবন্ধুর জন্মস্থান টুঙ্গীপাড়ায় বঙ্গবন্ধুর মাজারে পুষ্পার্ঘ্য অর্পণ, মাজার জেয়ারত ও মোনাজাত করেন। এ সময় তাদেরকে তিনবাহিনীর পক্ষ থেকে গার্ড অব অনার প্রদান করে। এরপর দুজনই মাজার কমপ্লেক্সে রক্ষিত পরিদর্শন বইতে স্বাক্ষর করেন। পরে সেনাবাহিনী প্রধান জেনারেল মইন উ আহমেদ, বিমান বাহিনীর প্রধান এয়ার ভাইস মার্শাল শাহ মোহাম্মদ জিয়াউর রহমান ও নৌবাহিনী প্রধান ভাইস এডমিরাল সরোয়ার জাহান নিজাম বঙ্গবন্ধুর সমাধিতে স্যালুট প্রদান, মাজার জেয়ারত ও মোনাজাত করেন। পরে তারা মাজার কমপ্লেক্স ঘুরে দেখেন।

এছাড়া কেন্দ্রীয় আওয়ামী লীগ নেতা লে. কর্নেল ফারুক খান (অব.), লতিফ সিদ্দিকী, সাবেক আইনমন্ত্রী আব্দুল মতিন খসরু প্রমুখ নেতারা শ্রদ্ধা নিবেদন করেন।